

তারিখ: ১৯/০৫/২০২৬ খ্রি.

২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।
আবেদনকারীকে প্রিন্টকপি সংগ্রহ করার পর যথাস্থানে ছবি ও স্বাক্ষর দিয়ে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

- শর্তাবলী:**
- আবেদন ফরম পূরণ/সংগ্রহের সময়সীমা : ১৮/০৫/২০২৬ থেকে ১১/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে (<http://ems.nu.ac.bd/student-login>) এ প্রবেশ করে পরীক্ষার্থীকে নিজ রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোডসহ চাহিত সকল তথ্য এন্ট্রি দিয়ে Submit ও প্রিন্টকপি সংগ্রহ করতে হবে।
 - (ক) শুধু নিয়মিত/প্রাইভেট ক্ষেত্রে আবেদন ফরমের প্রিন্টকপি এবং PaySlip কমিটির নিকট জমাদান : ০৭/০৬/২০২৬ হতে ০৯/০৬/২০২৬ খ্রি.
(খ) অনিয়মিত/অকৃতকার্য/মানোন্নয়ন ক্ষেত্রে আবেদন ফরমের প্রিন্টকপি এবং নির্ধারিত ফি হিসাব শাখায় সরাসরি জমাদান : ১০/০৬/২০২৬ হতে ১১/০৬/২০২৬ খ্রি.
 - ফরম পূরণের ফি জমাদানের পদ্ধতি (শুধু নিয়মিত/প্রাইভেট ক্ষেত্রে):
(ক) আগামী ১৯/০৫/২০২৬ হতে ১১/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষার্থীকে <https://rangamaticcollege.esbiksams.com> সফটওয়্যারে গিয়ে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে Sign In করতে হবে।

User Name: rangamatistudent এবং **Password:** rangamatistudent

- (খ) Education Management System এর Pay through Sonali Pay মেন্যুতে গিয়ে Session অপশনে ২০২১-২০২২ এবং Class Roll/Admission Roll অপশনে রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।
- (গ) Sonali Payment Gateway ব্যবহার করে যে কোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।
- (ঘ) তারপর Receipts Print ক্লিক করার পর Registration No এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- অংশগ্রহণের যোগ্যতা: নিয়মিত: যে সকল শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২২ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত হিসেবে ২০২৩ সালের ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
অনিয়মিত: (ক) যে সকল শিক্ষার্থী ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত এবং ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত হিসেবে ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে কিন্তু ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
(খ) যে সকল শিক্ষার্থী ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত এবং ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত হিসেবে ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্র/কোর্সে F গ্রেড পেয়েছে, তারা F গ্রেডপ্রাপ্ত পত্র/কোর্সে অংশগ্রহণ করবে।
(গ) যে সকল শিক্ষার্থী ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত এবং ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত হিসেবে ২০২৩ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষবারের মতো এ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।
অকৃতকার্য/মানোন্নয়ন: ২০২৩ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষায় CGPA 2.25 এর কম প্রাপ্তরা সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। ফি বিবরণী:

বিভাগ	প্রকার	পত্র সংখ্যা	জাতীয় বিশ্ববিদ্যালয়	কলেজ	সর্বমোট
বিএ/বিএসএ স/বিবিএস	নিয়মিত/অনিয়মিত (পূর্বে ফরম পূরণ করেনি)	৭ পত্র	২২০০	৫০০	২৭০০/-
	প্রাইভেট	৭ পত্র	২২০০	৮০০	৩০০০/-
	অকৃতকার্য (পূর্বে ফরম পূরণ করেছে)	৭ পত্র	১৬৫০	৫০০	২১৫০/-
	মানোন্নয়ন	১ পত্র	৭৫০	৫০০	১২৫০/-
		২ পত্র	৯০০	৫০০	১৪০০/-
বিএসসি	নিয়মিত/অনিয়মিত (পূর্বে ফরম পূরণ করেনি)	৭ পত্র	৩১০০	১০২৫	৪১২৫/-
	অকৃতকার্য (পূর্বে ফরম পূরণ করেছে)	৭ পত্র	২৫৫০	১০২৫	৩৫৭৫/-
	মানোন্নয়ন	১ পত্র (ব্যবহারিক ছাড়া)	৭৫০	৫০০	১২৫০/-
		১ পত্র (ব্যবহারিক সহ)	১০৫০	৬৭৫	১৭২৫/-

*** Conditional Promoted পরীক্ষার্থীর ক্ষেত্রে- কলেজের প্রাপ্য অংশ + (পরীক্ষা ফি ১৫০/- হারে ও অতিরিক্ত ১৫০০/-)
*** ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ/২০১৮ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত ক্ষেত্রে- কলেজ প্রাপ্য অংশ + জাতীয় বিশ্ববিদ্যালয় নির্ধারিত ৫,০০০/-

(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ কমিটি, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে আগামী ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে 'প্রশ্নপত্র চাহিদা' কলেজ অফিসে জমাদানের জন্য অনুরোধ করা হলো;
- ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- সংরক্ষণ নথি।